

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৪০৩

আগরতলা, ০৩ জানুয়ারী ২০১৮

তকসাপাড়া হাইস্কুল মাঠে নারী নির্যাতন বিরোধী সচেতনতা সভা

তকসাপাড়া হাইস্কুল মাঠে সম্প্রতি নারী নির্যাতন বিরোধী সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। স্কুলটি সিপাহীজলা জেলার নলছড় ব্লকের অন্তর্গত। সচেতনতা সভার সূচনা করেন মহিলা কমিশনের সদস্যা নিয়তি রায় বর্মণ। উপস্থিত ছিলেন কমিশনের সদস্যা বকুল দাস, বিশিষ্ট সমাজসেবী বানীসিং দেববর্মা। সভাপতিত্ব করেন তকসাপাড়া গ্রাম পঞ্চায়েতের সদস্য বিজয় দাস।

আলোচনায় উদ্বোধক বলেন, বাড়িতে ছেলে এবং মেয়ের মধ্যে কোন প্রভেদ না করে সমান দৃষ্টিভঙ্গি নিয়ে তাদের বড় করা প্রয়োজন। তবেই মেয়েদের প্রকৃত উন্নতি হবে এবং নারী নির্যাতন কমবে। পরিবার এবং সমাজের স্বার্থেই মেয়েদের শিক্ষিত করা দরকার। মা-বাবার দায়িত্ব ছেলে-মেয়েদের দায়িত্বশীল নাগরিক হিসাবে গড়ে তোলা। পড়াশোনার পাশাপাশি নিজেদের দায়িত্ব কর্তব্য সম্পর্কে সচেতন করা। তিনি বলেন, গার্হস্থ্য হিংসা প্রতিরোধে আইন তৈরি হয়েছে। যেকোন ধরনের গার্হস্থ্য হিংসা ঘটলে সি.ডি.পি.ও-র কাছে মহিলারা অভিযোগ করতে পারেন। টোল ফ্রি নাম্বার ১০৯১ রয়েছে মহিলাদের সাহায্যার্থে। মহিলা কমিশনেও যোগাযোগ করতে পারেন। দুঃসাহসিক সমাজিক সংস্কার ব্যবস্থাপনায় এই সভার আয়োজন করা হয়।
